

**REGIONAL NEWS UNIT  
ALL INDIA RADIO, AGARTALA  
Date: 12-09-2025  
Time: 07:55-08:05 PM Hrs  
BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

- (১) উচ্চ শিক্ষামন্ত্রী কিশোর বর্মণ আজ মেলাঘরের রাজঘাটে ৩ দিন ব্যাপি নীরমহল জল উৎসব উদ্বোধন করেন।
- (২) আজ থেকে উদয়পুরের ত্রিপুরা সুন্দরী মন্দিরে অনলাইন পূজা দেওয়ার ব্যবস্থা শুরু হয়েছে।
- (৩) সি.পি.রাধাকৃষ্ণ দেশের পঞ্চদশ উপরাষ্ট্রপতি হিসেবে শপথ নিলেন।
- (৪) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ বলেছেন, জ্ঞান ভারত মিশন ভারতের সংস্কৃতি, সাহিত্য এবং চেতনার কণ্ঠস্বর হয়ে উঠতে প্রস্তুত।
- (৫) দ্বারভাঙ্গায় আয়োজিত আন্তঃরাজ্য দৃষ্টিহীন ক্রিকেট প্রতিযোগিতায় অংশ নেবে ত্রিপুরা রাজ্য দল।

\*\*\*\*\*

**Neermahal Festival :**

উচ্চ শিক্ষামন্ত্রী কিশোর বর্মণ বলেছেন নীরমহল শুধুমাত্র রাজকীয় স্থাপত্য নয় তা ত্রিপুরার গৌরব, ঐতিহ্য ও রাজ্যের সাংস্কৃতিক পরিচয়ের জীবন্ত প্রতীক এবং নীরমহল জল উৎসব শুধুমাত্র বিনোদনের উৎসব নয় তা রাজ্যের সাংস্কৃতিক পরিচয়ের বড় মাধ্যম। আজ মেলাঘরের রাজঘাটে ৩ দিন ব্যাপি নীরমহল জল উৎসব উদ্বোধন করে একথা বলেন তিনি। এই উৎসবে থাকছে মনসামঙ্গল, দূরপাল্লার সাঁতার ও আকর্ষণীয় নৌকা বাইচ প্রতিযোগিতা। উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সিপাহীজলা জিলা পরিষদের সহকারী সভাপতি পিন্টু আইচ, এডিসি সদস্য পদ্মলোচন ত্রিপুরা প্রমুখ।

\*\*\*\*\*

### Online Puja :

আজ থেকে উদয়পুরের ত্রিপুরা সুন্দরী মন্দিরে অনলাইন পূজা দেওয়ার ব্যবস্থা শুরু হয়েছে। [www.tripurasundarionlinepuja.in](http://www.tripurasundarionlinepuja.in) ওয়েবসাইটে ক্লিক করে এর সূচনা করেন বিধায়ক অভিষেক দেবরায়। তিনি বলেন, দেশের যেকোনও প্রান্তে বসে এবার থেকে ভক্তরা অনলাইনে পূজা অর্চনার সুযোগ পাবেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মাতাবাড়ি ট্রাস্টের সদস্য চন্দন চক্রবর্তী।

\*\*\*\*\*

### Bal Vivah Mukta Bharat :

জনজাতি কল্যানমন্ত্রী বিকাশ দেববর্মা বলেছেন কন্যা সন্তানদের শিক্ষিত ও স্বাবলম্বী করে গড়ে তোলার জন্য বিভিন্ন প্রকল্প হাতে নিয়ে কাজ করে চলেছে সরকার। আজ তেলিয়ামুড়া মহকুমার কৃষ্ণপুর বিধানসভা কেন্দ্রের মহারানীপুর কপালি টিলা এলাকায় জনগণদের সঙ্গে মত বিনিময় সভায় একথা বলেন তিনি। মন্ত্রী বাল্যবিবাহ রোধে সবাইকে সচেতন করে, কন্যা সন্তানদের রক্ষার জন্য অভিভাবদের প্রতি আহ্বান জানান।

\*\*\*\*\*

### Ratan Nath Press Meet :

কৃষিমন্ত্রী রতন লাল নাথ বলেছেন, এআরসি পদ্ধতিতে আলু চাষের মাধ্যমে ত্রিপুরা রাজ্য গোটা দেশে অভাবনীয় সাফল্য অর্জন করেছে। আগে যেখানে টি পি এস পদ্ধতিতে আলু চাষ করে হেক্টর প্রতি ১৯ দশমিক ১৬ মেট্রিক টন আলু উৎপাদন করা হত সেখানে বর্তমানে এআরসি পদ্ধতিতে আলু চাষের মাধ্যমে সেই উৎপাদনের গড় হার বেড়ে দাঁড়িয়েছে ৫০ থেকে ৬০ মেট্রিক টনে। আজ সচিবালয়ে এক সাংবাদিক সম্মেলনে তিনি একথা জানান। কৃষিমন্ত্রী জানান ২০২১ সালের মধ্যে দেশকে আলু চাষে স্বয়ংসম্পূর্ণ করার লক্ষ্যে কৃষি এবং কৃষক কল্যান মন্ত্রকের সঙ্গে দ্যা ইন্টারন্যাশনাল পটেটো সেন্টারের মৌ স্বাক্ষরিত হয়েছে।

\*\*\*\*\*

## Package Story–Soil Health Card :

মাটির গুণগত মান চাষাবাদের সাফল্যে অন্যতম প্রধান শর্ত। এজন্যই সুস্থায়ী বিকাশে কৃষকদের অন্য শর্তগুলি পূরণের পাশাপাশি মাটির গুণমান যাচাইয়ের কার্ড প্রদানে জোর দিয়েছে বর্তমান সরকার। কেন্দ্রীয় কৃষি প্রকল্পের আওতাভুক্ত এই সুবিধার ফলে রাজ্যের কৃষকরা এই কার্ড ব্যবহার করে জমির মাটির গুণমান যাচাইয়ের মাধ্যমে ফসল তুলতে পারছেন বহুগুণ বেশি। নিশ্চিত হচ্ছে কৃষকের ক্ষমতায়নও। একটি প্রতিবেদন।

#####VC#####

\*\*\*\*\*

## Lok Adalat :

আগামীকাল রাজ্যে বসছে এবছরের তৃতীয় জাতীয় লোক আদালত। ত্রিপুরা হাইকোর্ট ছাড়াও রাজ্যের সব জেলা এবং মহকুমা আদালত চত্বরে এই লোক আদালত বসবে। লোক আদালতে ৩৯টি বেঞ্চে ৩১,৭৮৯টি মামলা নিষ্পত্তির জন্য তোলা হবে।

\*\*\*\*\*

## Update Akashvani :

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#####Sound Byte#####

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং টুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন টুইটার বা এক্স হ্যান্ডলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

\*\*\*\*\*

#### **VP-Oath taken :**

সি.পি. রাধাকৃষ্ণ দেশের পঞ্চদশ উপরাষ্ট্রপতি হিসেবে শপথ নিলেন। রাষ্ট্রপতি দ্রোপদী মুর্মু আজ নতুন দিল্লিতে রাষ্ট্রপতি ভবনে কে শপথবাক্য পাঠ করান।

#####Byte-Oath Taking#####

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি, প্রাক্তন রাষ্ট্রপতি রামনাথ কোবিন্দ, তাঁর পূর্বসূরী জগদীপ ধনখড় এবং কেন্দ্রীয় মন্ত্রিসভার সদস্য সহ অন্য বিশিষ্ট ব্যক্তিবর্গ এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। শপথ গ্রহণের পর শ্রী রাধাকৃষ্ণ রাজঘাটে মহাত্মা গান্ধীর স্মৃতিসৌধে পুষ্পার্ঘ্য অর্পণ করেন। তিনি একইসঙ্গে প্রাক্তন প্রধানমন্ত্রী অটলবিহারী বাজপেয়ীর স্মৃতিস্থল সদৈভ অটলে গিয়েও শ্রদ্ধা জানান। এদিকে দেশের উপরাষ্ট্রপতি হিসেবে দায়িত্ব গ্রহণের জন্য প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি শ্রী রাধাকৃষ্ণকে অভিনন্দন জানিয়েছেন।

\*\*\*\*\*

#### **PM, Gyan Bharatam :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ বলেছেন, জ্ঞান ভারতম মিশন ভারতের সংস্কৃতি, সাহিত্য এবং চেতনার কণ্ঠস্বর হয়ে উঠতে প্রস্তুত। নতুনদিল্লিতে জ্ঞান ভারতম-এর আন্তর্জাতিক সম্মেলনে ভাষণ দিতে গিয়ে শ্রী মোদী বলেন, ভারতে বিশ্বের বৃহত্তম প্রায় এক কোটি পাণ্ডুলিপির সংগ্রহ রয়েছে। তিনি আরও বলেন যে ইতিহাস জুড়ে, কোটি কোটি পাণ্ডুলিপি ধ্বংস করা হয়েছে, কিন্তু যেগুলি এখনও রয়ে গেছে তাতে পূর্বপুরুষেরা জ্ঞান, বিজ্ঞান এবং শিক্ষার প্রতি কতটা নিবেদিতপ্রাণ ছিলেন তার জানা যায়।

#####Byte-PM#####

প্রধানমন্ত্রী জ্ঞান ভারতম পোর্টালেরও উদ্বোধন করেন, যা পাণ্ডুলিপি ডিজিটাইজেশন, সংরক্ষণ এবং জনসাধারণের প্রবেশাধিকার স্বরাস্থিত করার জন্য একটি নিবেদিতপ্রাণ ডিজিটাল প্ল্যাটফর্ম। এই উপলক্ষে তিনি সমাবেশে ভাষণ দেন। উল্লেখ্য, "পাণ্ডুলিপি ঐতিহ্যের মাধ্যমে ভারতের জ্ঞানের উত্তরাধিকার পুনরুদ্ধার" এই প্রতিপাদ্য নিয়ে গতকাল তিন দিনের সম্মেলন শুরু হয়েছে।

\*\*\*\*\*

### **PM, North East :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল থেকে এই মাসের ১৫ তারিখ পর্যন্ত মিজোরাম, মণিপুর, আসাম, পশ্চিমবঙ্গ এবং বিহার সফর করবেন। মিজোরাম সফরকালে প্রধানমন্ত্রী নয় হাজার কোটি টাকারও বেশি মূল্যের একাধিক উন্নয়ন প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন এবং উদ্বোধন করবেন। মণিপুর সফরকালে একই দিনে তিনি আট হাজার পাঁচশো কোটি টাকারও বেশি মূল্যের একাধিক উন্নয়ন প্রকল্পের উদ্বোধন করবেন।

আসাম শ্রী মোদী রাজধানী গুয়াহাটিতে ডঃ ভূপেন হাজারিকার জন্মশতবার্ষিকী উদযাপনে অংশগ্রহণ করবেন। তিনি এই উপলক্ষে জনসভায় ভাষণ দেবেন। প্রধানমন্ত্রী রাজ্যে আঠারো হাজার কোটি টাকারও বেশি মূল্যের প্রধান পরিকাঠামো এবং শিল্প উন্নয়ন প্রকল্পের উদ্বোধন এবং ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন।

প্রধানমন্ত্রী আগামীকাল আইজলকে সংযুক্তকারী ভৈরবি-সাইরাং রেলপথের উদ্বোধন করবেন। এই রেলপথটি ইতিহাসে প্রথমবারের মতো মিজোরামের রাজধানী আইজলকে ভারতীয় রেল নেটওয়ার্কের সাথে সংযুক্ত করবে। প্রায় ৮ হাজার কোটি টাকা ব্যয়ে ৫১ কিলোমিটারেরও বেশি দৈর্ঘ্যের এই রেলপথ নির্মিত হয়েছে। এই প্রকল্পের মাধ্যমে, গুয়াহাটি, আগরতলা এবং ইটানগরের পর আইজল চতুর্থ উত্তর-পূর্ব রাজধানী শহর হয়ে উঠবে যা ভারতীয় রেল নেটওয়ার্কের সাথে সংযুক্ত হবে এবং বাণিজ্য, পর্যটন এবং অর্থনৈতিক

প্রবৃদ্ধির পথ খুলে দেবে। আকাশবাণী নিউজের সঙ্গে আলাপকালে, মিজোরামের রাজ্যপাল এবং প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রী অবসরপ্রাপ্ত জেনারেল ভি কে সিং ভৈরবি-সাইরাং রেল প্রকল্পকে অত্যন্ত উচ্চাকাঙ্ক্ষী এবং গুরুত্বপূর্ণ বলে অভিহিত করেছেন।

#####Byte-V K Sing#####

সফরকালে, প্রধানমন্ত্রী মোদী আরো তিনটি ট্রেন পরিষেবার উদ্বোধন করবেন।

এগুলি হলো, আইজল (সাইরাং)-দিল্লি রাজধানী এক্সপ্রেস, সাইরাং-কলকাতা এক্সপ্রেস এবং সাইরাং-গুয়াহাটি এক্সপ্রেস।

শ্রী মোদী বিহার সফরকালে পূর্ণিয়া বিমানবন্দরের নতুন টার্মিনাল ভবন উদ্বোধন করবেন। তিনি সেখানে জাতীয় মাথনা বোর্ডের উদ্বোধন করবেন এবং পূর্ণিয়া শহরে প্রায় ছত্রিশ হাজার কোটি টাকার একাধিক উন্নয়ন প্রকল্পের উদ্বোধন করবেন।

সফরের শেষ পর্যায়ে, প্রধানমন্ত্রী পশ্চিমবঙ্গ সফর করবেন এবং কলকাতায় ষোড়শ সম্মিলিত কমান্ডার সম্মেলনের উদ্বোধন করবেন।

\*\*\*\*\*

### **Seva Pakhwada-Tinku Roy :**

সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষামন্ত্রী টিঙ্কু রায়ের পৌরোহিত্যে আজ সচিবালয়ে আগামী ১৭ই সেপ্টেম্বর প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর জন্মদিন থেকে সেবা পঞ্চ উদযাপন বিষয়ে একটি বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে উপস্থিত ছিলেন বিধায়ক ভগবান দাস, বিধায়ক সুশান্ত দেব সহ বিভিন্ন দপ্তরের উচ্চপদস্থ আধিকারিক ও পদাধিকারীরা। বৈঠকে কর্মসূচীর সফল আয়োজনের লক্ষ্যে একটি রূপরেখা তৈরি করা হয়েছে বলে মন্ত্রী শ্রী রায় জানান।

\*\*\*\*\*

### **Cricket Association for Blind :**

বিহার ক্রিকেট এসোসিয়েশনের উদ্যোগে আগামী ১৬ থেকে ২০ সেপ্টেম্বর পর্যন্ত দ্বারভাঙ্গায় আন্তঃরাজ্য দৃষ্টিহীন ক্রিকেট প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। সুকান্ত সরকারের নেতৃত্বে ১৬ সদস্যের ত্রিপুরা দৃষ্টিহীন ক্রিকেট দল আগামীকাল বিহারের উদ্দেশ্যে রওনা হচ্ছে।

\*\*\*\*\*

#### **Weather :**

আগামীকাল আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩২ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬ ডিগ্রি সেলসিয়াস এর কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩১.৮ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬.৮ ডিগ্রি সেলসিয়াস। বিকেল সাড়ে পাঁচটা পর্যন্ত বৃষ্টি হয়েছে ২.৬ মিলিমিটার।

\*\*\*\*\*